দৈনিক
জনকণ্ঠ

তারিখ 08 FEB 2016
পৃষ্ঠা ১৪ কলাম ৩

# বাকৃবিতে পানির দাবিতে ছাত্রী হলে বিক্ষোভ

**বাকৃবি সংবাদদাতা ॥** হলে পানি সরবরাহ বন্ধ থাকায় শনিবার রাতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) বিক্ষোভ করেছে আবাসিক ছাত্রীরা। বিশ্ববিদ্যালয়ের চাষী ভবনে এ বিক্ষোভের ঘটনা ঘটে। এ বছর আসন সঙ্কটের কারণে আবাসিক শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের বর্ধিত অংশ হিসেবে ছাত্রীদের এ ভবনে রাখা হয়।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ে মেয়েদের আবাসিক হলগুলোতে আসন সঙ্কট থাকায় ২০১৫-১৬ সেশনের ৯২ ছাত্রীকে বিশ্ববিদ্যালয়ের শেষ মোড়ে পরিত্যক্ত চাষী ভবনে রাখা হয়। সেখানে ছাত্রীদের জন্য পানি ও অন্যান্য সুযোগ-সুবিধার কোন ব্যবস্থা নেই বলে অভিযোগ করে আসছিল ছাত্রীরা। তাদের মধ্যে আগে থেকে এ নিয়ে ক্ষোভ বিরাজ করছিল।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গত শনিবার সকাল থেকে ওই ভবনে পানির সরবরাহ বন্ধ ছিল। এতে শিক্ষার্থীরা গোসলসহ অন্যান্য কাজকর্ম করতে পারেনি। এতে ক্ষুব্ধ হয়ে রাত সাড়ে ৮টার দিকে ছাত্রীরা বিক্ষোভ শুরু করে। খবর পেয়ে ঘটনাস্থলে যান সহকারী প্রক্টর অধ্যাপক ড. আজহারুল ইসলাম ও হলের প্রভোস্ট অধ্যাপক মহিউদ্দিন আহমদ। পরে ওই ছাত্রীদের সঙ্গে আলোচনায় বসেন তারা। শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক মহিউদ্দিন আহমদ বলেন, রাতেই ভবনে পানি সরবরাহের ব্যবস্থা করা হয়েছে।